01172/05 2184 (1) Spot PROPERTY I-03676/05

भारतीय गैर न्यायिक

10000 रु. Rs.10000

10000 रु. Rs.10000 दस हज़ार रुपये RUPEES TEN THOUSAND

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

06AA 267316

Admissible under Regn. rule 21 and u/s ... of the West Bengal L. R. Act 1955, duty Stamped (Exempted from/does not require stamp duty) under the Indian Stamp Act 1899 as amended in 1964, Schedule 1A No. 23+4

District Sub-Registrar-II, Alipore, South 24 Pgs 13.9.05

u/s. of the W.B. Prevention of under-valuation of Instruments Rule 1994 Market Value Assessed Rs. 216,000/- Bengal Stamp Duty at Rs. 11610/-

Certified that the deficit Stamp duty of Rs. 11620/- has been realised from ... u/s. 44-47 (1) of IS Act and the instrument is duly Stamped by draft No. 935641 Dated 5/9/05

District Sub-Registrar-II, Alipore, South 24 Parganas 13/9/05

মং ১,০০,০০০ এক লক্ষ টাকা পণ মূল্যের

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা

******************

A- 1089.00
7.00
28.00
4.00
1128.00

কোবালা গ্রহীতা ঃ- শ্রী নিমাই চক্রবর্তী, পিতা শ্যামাপ্রসাদ চক্রবর্তী, জাতি - হিন্দু, পেশা - চাকুরী, সাকিন - ১৩৫, নেতাজী সুভাষ রোড, থানা - বেহালা, কলকাতা - ৭০০ ০৩৪, জেলা দক্ষিণ ২৪ পরগণা।

Dollar & less Rs. 1276/- has been realised on 13/9/05

**********************************

District Sub-Registrar-II, Alipore, South 24 Parganas 13/9/05

Tapan Kumar Mitra

Pl. Produce Paper on 02.03.05

10 Rs.

दस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

TEN RUPEES

१०रु. 10 Rs.

-:: ২ ::-

কোবালা দাতা ঃ- **শ্রী তপন কুমার মিত্র,** পিতা স্বর্গীয় সুবোধ চন্দ্র মিত্র জাতি - হিন্দু, পেশা - চাকুরী, সাং - ১৩৫, নং নেতাজী সুভাষ রোড, বেহালা, থানা - বেহালা, কলকাতা - ৭০০ ০৩৪, জেলা - দক্ষিণ ২৪ পরগণা।

Tapan Kumar Mitra

***********************************

কস্য শুভ সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও সাব-রেজিষ্ট্রী অফিস বেহালা, পরগণা - বালিয়া অত্র জেলা কালেকটারীর ৩৪৬ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ৮৩, জেঃ এলঃ নং ২, মৌজা বেহালা গ্রামের অন্তর্গত সাবেক ১৮৫৫ নং খতিয়ান ভুক্ত সাবেক ৩৮৮৪ নং দাগে এবং হাল ৫১৯৮ নং খতিয়ানের অন্তর্গত ১১৯৯৮ নং দাগে লিখিত ৫ পাঁচ কাঠা ১০ দশ ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদি মায় তৎসংলগ্ন সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ যাহা কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১৩০ নং ওয়ার্ডের অন্তর্গত ৯৭, নেতাজী সুভাষ রোড, কলকাতা - ৭০০ ০৩৪, প্রেমিসেস ভুক্ত সম্পত্তি যাহা অত্র ও নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত হইল উক্ত ও নিম্ন তপশীলভুক্ত সম্পতি সহ অন্যান্য সম্পত্তি জনৈক ভূষণ মোহন দাস, পিতা মৃত ব্রজ কিশোর দাস মহাশয়ের তৎকালীন মালিক জমিদার নব কুমার মন্ডল দিগর অধীনস্থ প্রজাই স্বত্বের দখলীয় সম্পত্তি থাকে। উক্ত ভূষণ মোহন দাস মহাশয় উক্ত ও নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তির ভোগ দখলীয় থাকা অবস্থায় বিগত ইংরাজী ০৮/০২/১৯২৪ তারিখে সম্পাদিত এবং আলিপুর জয়েন্ট সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৬ নং ভল্যুমে ২৪০ হইতে ২৪৪ পাতায় লিখিত ইংরাজী ১৯২৪ সালের ৩৮২ নং কোবালা মূলে জনৈক মহেন্দ্র নাথ মিত্র মহাশয়কে বিক্রয় করতঃ উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন। অতঃপর উক্ত মহেন্দ্র নাথ মিত্র মহাশয় উক্ত কোবালা মূলে খরিদ করতঃ তপশীল সম্পত্তির তৎকালীন জমিদার বাওয়ালী নিবাসী নবকুমার মন্ডল দিগর অধীনে নিষ্কর মালিক দখলীকার থাকাবস্থায়

বিগত জেলা জরিপে তাহার নাম মালিক দখলকার হিসাবে লিপিবদ্ধ হইয়া চূড়ান্ত ভাবে প্রকাশিত ও প্রচারিত হয়। অতঃপর উক্ত মহেন্দ্র নাথ মিত্র মহাশয় উক্ত সম্পত্তির উপর বসবাসের নিমিত্ত গৃহাদি নির্মান করিয়া বসবাসের দ্বারা মালিক হিসাবে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সহ অন্যান্য সম্পত্তি ভোগ দখলীকার থাকাবস্থায় বিনা উইলাদিতে বা অপর হস্তান্তর দলিল সম্পাদন না করিয়া ইহলোক ত্যাগ করিলে তদীয় ত্যাক্ত সম্পত্তি তাহার দুই পুত্র যথাক্রমে প্রবোধ চন্দ্র মিত্র ও সুবোধ চন্দ্র মিত্র তৎকালীন হিন্দু ওয়ারেশ আইনানুসারে প্রাপ্ত হইয়া ভোগ দখলীকার থাকাবস্থায় উক্ত প্রবোধ চন্দ্র মিত্র তাহার ভাগিনেয় শ্রী অমল কুমার রায় মহাশয়কে বিগত ইংরাজী ১২/০৮/১৯৭৫ তারিখে এ্যাসিওরেন্স্ অফ কলকাতা সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৩ নং বহির ২ নং ভল্যুমে ২৪৫ হইতে ২৫০ পাতায় লিখিত ইংরাজী ১৯৭৫ সালের ২৮৪ নং ব্যবস্থা পত্র দলিল মূলে তাঁহার অবিভক্ত ১/২ অংশ প্রদান করতঃ মৃত্যু মুখে পতিত হয়েন তৎপর উক্ত অমল কুমার রায় মহাশয় উক্ত ব্যবস্থা পত্র দলিলের শর্তানুসারে প্রবোধ চন্দ্র মিত্র মহাশয়ের ত্যাক্ত ১/২ অংশের সম্পত্তির মালিক হইয়া অপর অংশীদার শ্রী সুবোধ চন্দ্র মিত্র মহাশয়ের সহিত এজমালে ভোগ দখলীকার থাকা অবস্থায় তাহাদের ভোগদখলের অসুবিধা বিধায় বিগত ইংরাজী ০৪/০৪/১৯৮৪ তারিখে সম্পাদিত বেহালা সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১০৯৬ নং বন্টন নামা দলিল মূলে নিজেদের মধ্যে আপোষে বিভাগ বন্টন করিয়া লয়েন। উক্ত আপোষ বিভাগ বন্টন নামা দলিলের শর্তানুযায়ী শ্রী সুবোধ চন্দ্র মিত্র মহাশয় উক্ত বন্টন নামা দলিলে বর্ণিত ৫ পাঁচ কাঠা ১০ দশ ছটাক বাস্তু জমি সহ অন্যান্য সম্পত্তি যাহা উক্ত বন্টন নামা দলিলের 'খ'

তপশীলে বর্ণিত সম্পত্তি আছে, তাঁহার একক সীমানা চিহ্নিত মতে বন্টনকৃত সম্পত্তি হিসাবে ১৬ আনা নির্ব্যূঢ় স্বত্বে অন্যের নিরাংশে প্রাপ্ত হইয়া তৎকালীন মিউনিসিপ্যালিটীতে নিজ নাম পত্তনে একক মালিক হিসাবে ভোগবান ও দখলীকার থাকাবস্থায় বিগত ইংরাজী ১৪/১২/১৯৮৩ তারিখে আমি অত্র কোবালা দাতা আমাকে এককেতা দান পত্র দলিল মূলে দান করতঃ উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন। উক্ত দানপত্র দলিল বেহালা সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৭৭ নং ভল্যুমের ৪৯৩ হইতে ৫০৪ পৃষ্ঠায় লিখিত ১৯৮৩ সালের ৫০৮১ নং দলিল মূলে লিপিবদ্ধ হয়।

অতঃপর আমার পিতা ঠাকুর অধুনা মৃত সুবোধ চন্দ্র মিত্র মহাশয়ের নিকট হইতে ইংরাজী ১৪/১২/৮৮ তারিখে বেহালা এ,ডি,এস,আর, অফিসে রেজিষ্ট্রীকৃত উক্ত ইংরাজী ১০৮৩ সালের ৫০৯১ নং উক্ত দান পত্র দলিল মূলে উক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া অন্যের নিরাংশে নির্ব্যূঢ় স্বত্বে ১৬ আনা মালিক হিসাবে নিজ স্বত্ব পরিচালনে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে নিজ নাম পত্তন করতঃ ট্যাকসাদি ও খাজনাদি আদায় ক্রমে আমি অত্র কোবালা দাতা আমার পরিবার বর্গ অর্থাৎ স্ত্রী শ্রীমতী মালতি মিত্র এবং পুত্র শ্রীমান প্রসেনজিৎ মিত্র-কেলইয়া বসবাসের দ্বারা ভোগবান ও দখলিকার থাকাবস্থায় বিগত ইংরাজী ১০/১/২০০১ তারিখে এ্যাডিশন্যাল ডিষ্ট্রীকট সাব-রেজিষ্ট্রী বেহালা অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ২ নং ভল্যুমের ১৭৯ থেকে ১৮৮ পৃষ্ঠায় লিখিত ইংরাজী ২০০১ সালের ১০৬৮ নং বিক্রয় কোবালা দলিল মূলে শ্রী গোবিন্দ রায় মহাশয়ের স্ত্রী শ্রীমতী যুথিকা রায় মহাশয়াকে আমার পিতার নিকট হইতে

দানসূত্রে প্রাপ্ত ৫ পাঁচ কাঠা ১০ দশ ছটাক জমি হইতে ১০ ছটাক জমি বিক্রয় করিয়া বক্রী ৫ পাঁচ কাঠা জমি মায় তদুপরিস্থিত দ্বিতল গৃহাদীতে অন্যের নিরাংশে নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকি ও আছি।

প্রকাশ থাকে যে কোবালা গ্রহিত্রী আপনি, আমি অত্র কোবালা দাতা আমার অধীনে উক্ত প্রেমিসেসের উপর নির্মিত এক খানি ঘরে বহুদিন যাবৎ মাসিক ভাড়াটিয়া হিসাবে আপনার স্ত্রী-পুত্র পরিবার বর্গ সহ বসবাস করিতেছেন।

এক্ষণে অত্র কোবালা গ্রহিত্রী আপনার পরিবার বর্গ লইয়া বসবাস করিবার কোনরূপ স্থায়ী গৃহাদী না থাকার কারণ এবং নিম্ন বর্ণিত সম্পত্তি খরিদ করিলে আপনার নিজস্ব সম্পত্তি হইবে এবং আপনার বসবাসের বিশেষ সুবিধা হইবে এইরূপ চিন্তা-ভাবনা করিয়া উক্ত সম্পত্তি খরিদ করিবার জন্য আমাকে অনুরোধ করিলে আমি অত্র কোবালা দাতা আমার উক্ত ৫ পাঁচ কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত দ্বিতল গৃহাদী সম্পত্তি হইতে নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত বাস্তু জমি মায় তদুপরিস্থিত ইঁটের দেওয়াল পাকা ছাদ যুক্ত একখানি এক কামরার ঘর যাহা নিম্ন তপশীলে লাল রংয়ের রেখা দ্বারা সীমাঙ্কিত ও প্রদর্শিত হইয়াছে আপনাকে বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা তাহা অবগত হইয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বেলমোক্তা **মবলগে ১,০০,০০০ এক লক্ষ টাকা** প্রদানে খরিদ করিতে ইচ্ছুক হইয়া আমার নিকট প্রস্তাব করিলে পর আমি অত্র কোবালা দাতা উক্ত প্রস্তাবে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্য পনের সমূদয় টাকা

নিম্নের জায়মত গ্রহণ করিয়া ও তাহার প্রাপ্তি স্বীকার করিয়া আপনার ব্যয়ে ও আপনার নাম বরাবর অত্র বিক্রয় কোবালা দলিলে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে দিয়া বিক্রীত সম্পত্তির খোলসা খাস অদ্যই আপনাকে বুঝাইয়া দিয়া উহা হইতে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম।

এক্ষেত্রে প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তির দক্ষিণ দিকের কমন প্যাসেজ ও ড্রেন অত্র কোবালা দাতা ও কোবালা গ্রহীতা মায় ওয়ারিশানগণ ক্রমে কমনভাবে ব্যবহার করিতে পারিব এবং উক্ত প্যাসেজে আমা র নিম্ন তপশীল ভুক্ত জমি সংলগ্ন গৃহাদী সংস্কার কার্য্যে বা রং করার প্রয়োজনে ব্যবহার করিতে পারিব তাহাতে অত্র গ্রহীতা মায় ওয়ারিশানগণ ক্রমে কোনরূপ ওজর আপত্তি করিতে পারিবে না এবং নিম্ন তপশীল ভুক্ত ফাঁকা জমির পূর্বদিকে অবস্থিত খোলা বারান্দার শেষ সীমা হইতে পশ্চিম দিক বরাবর ১২´ বার ফুট জমিতে অত্র কোবালা গ্রহিতা শুধু মাত্র একতল গৃহাদি নির্মান করিতে পারিবে এবং একতলের ছাদের ১২´ ফুট অংশের অধিকার সম্পূর্ন অত্র দাতার ওয়ারিশানগণ ক্রমে থাকিবে ইহাতে অত্র গ্রহিতার ওয়ারিশানগণ ক্রমে কোনরুপ অধিকার থাকিবে না, এবং উক্ত জমিতে নির্মিত সেপ্‌টিক ট্যাঙ্ক প্রয়োজনমত কোবালা দাতাকেওয়ারিশানগণক্রমে ব্যবহার করিতে দিতে গ্রহীতা বাধ্য থাকিবেন।

আরোও প্রকাশ থাকে যে, যদি অত্র গ্রহীতার ভবিষ্যতে অত্র তপশীল ভুক্ত বিক্রীত সম্পত্তি তাহার ওয়ারিশনগণ ব্যাতিত অন্য কাহাকেও বিক্রয় করিবার প্রয়োজন হয় তবে অত্র কোবালা দাতাকে প্রথমে জানাইতে হইবে বা বিক্রয়ের প্রস্তাব দিতে হইবে। সেক্ষেত্রে অত্র কোবালা দাতা যদি তাহা ক্রয় করিতে অসম্মত বা অপারক হন তবে গ্রহীতা অত্র সম্পত্তি কোন তৃতীয় ব্যাক্তিকে বিক্রয় করিতে পারিবেন।

আমি অত্র কোবালা দাতা এতদ্দ্বারা প্রচার, প্রকাশ, স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে মায় তৎসংলগ্ন যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি তে আমার যে সকল স্বত্ব স্বার্থ লভ্য দখল অধিকার হক হকিয়ত দাবী দাওয়া ছিল বা আছে তদ্‌সমুদয় অদ্য হইতে অত্র কোবালা বনিয়াদে চিরতরে রদ রহিত ও বিলুপ্ত ধ্বংস হইয়া সর্বতোভাবে আপনার প্রতি বৰ্ত্তিল এবং অর্শিল। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলীকার হইয়া মালিক সরকারে ও কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে আমার নামের স্থলে আপনার নিজ নাম পত্তন করতঃ ধার্য্য খাজনা ও ট্যাকসাদি আদায় দিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে সর্ব্ব প্রকার দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা সর্ব্ববিধ হস্তান্তররের ও রূপান্তর করণের ক্ষমতা যুক্তে যদৃচ্ছা ভাবে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমি মায় আমার ওয়ারিশানগণের কোন ওজর আপত্তি থাকিবে না বা করিলে তাহা অত্র দলিলের বলে সর্ব্বপ্রকার অফিস আদালতে বাতিল নামঞ্জুর ও গ্রাহ্য হইবে।

প্রকাশ থাকে যে বিক্রীত উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি ইতি পূর্বে কোন প্রকার দান বিক্রয় বন্ধকাদি লিজ ইত্যাদি দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা উহা বিক্রয় করিবার জন্য আমি কাহারো সহিত কোন লিখিত বা মৌখিক চুক্তি করি নাই। উহা কোন জনহিতকর কার্য্যের জন্য কোন সরকার বা সরকার বা কোন পাবলিক বডি কর্ত্তৃক রিক্যুইজিশান বা এ্যাকুইজিশান হয় নাই বা ঐ

প্রকার হইবার জন্য অদ্যতক কোন নোটিশ পাই নাই কিম্বা উহাতে কোন মামলা চলিত বা মুলতুবি নাই বা উহা কোন মামলার বিষয় ভুক্ত সম্পত্তি নহে বা উহা কোন দেবোত্তর সম্পত্তি নহে কিম্বা উহা আমি কোন দেবসেবায় অর্পন করি নাই। সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ মুক্তাবস্থায় মায় খাস দখলে থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিয়া এককালীন চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ও খাস এবং খোলসা দখল বুঝাইয়া দিলাম।

ভবিষ্যতে যদি অত্র দলিলের কোন ভূল ভ্রান্তি থাকা প্রকাশ পায় এবং তাহার জন্য আপনার স্বত্ব দখলের কোন বিঘ্ন হয় এবং তাহার জন্য যদি কোন ঘোষণা পত্র দলিল বা প্রচার পত্র দলিল বা পোষক দলিল করিবার আবশ্যক হয় তাহা হইলে আমি মায় ওয়ারিশানগণক্রমে আপনার তলবমত আপনার ব্যয়ে তাহা করিয়া দিতে বাধ্য রহিলাম।

খাজনা প্রাপকের সেরেস্তায় ও কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে নাম জারি পত্তন বা অন্য কোন কার্য্যের জন্য যদি কোন দরখাস্ত বা সাহায্যের আবশ্যক হয় তাহাও করিয়া দিতে ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম। দলিল সাথ গ্রথিত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবেক।

প্রকাশ থাকে যে, দলিল দাতা আমার আরও সম্পত্তি বর্তমানে থাকায় বিক্রীত সম্পত্তির মূল দলিল গ্রহীতাকে অর্পন করা সম্ভব পর হইল না, কিন্তু প্রয়োজনে দলিল গ্রহীতার তলব মত ও তাহার খরচে উক্ত মূল কোবালা দলিল দর্শাইতে ও অফিস আদালতে দাখিল করিতে বাধ্য রহিলাম।

যদি ভবিষ্যতে অত্র দলিলে আমার উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি তঞ্চকী, মিথ্যা বা বিপরীত বলিয়া প্রকাশ পায় এবং তাহার জন্য আপনার স্বত্ব দখলে কোন বিঘ্ন হয় তাহা হইলে আমি আইন আমলে আসিয়া দায়ী ও দন্ডনীয় হইব এবং আপনার দেয় পণের সমুদয় টাকা মায় যাবতীয় ক্ষতি খেসারত সহ আইন সঙ্গত খরচাদি সহ নগদে এককালীন আদায় দিতে বাধ্য রহিলাম।

এতদার্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র কোবালায় দলিলের মর্ম সম্যক পাঠ করিয়া ও সম্যক মর্ম ও ফলাফল অবগত হইয়া নিম্ন স্বাক্ষীগণের সাক্ষাতে উপস্থিত হইয়া পণ মূল্যের সমুদয় টাকা নগদে স্বহস্তে বুঝিয়া পাইয়া সহি সম্পাদন করিলাম। ইতি তাং ইংরাজী ২০০৫ সালের ২ রা মার্চ।
মোতাবেক বাংলা ১৪১১ সনের ১৮ ই ফাল্গুন।

### -ঃ তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ঃ-

**********************

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও সাব-রেজিষ্ট্রী অফিস বেহালা, পরগণা বালিয়া অত্র জেলা কালেকটারীর ৩৪৬ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ৮৩, জেঃ এলঃ নং ২, মৌজা বেহালার অন্তর্গত সাবেক ১৮৫৫ নং খতিয়ানের অন্তর্গত সাবেক ৩৮৮৪ নং দাগে ও হাল ৫১৯৮ নং খতিয়ানের অন্তর্গত হাল ১১৯৯৮ নং দাগে লিখিত এবং হাল কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১৩০ নং ওয়ার্ডের অন্তর্গত ৯৭ নং

নেতাজী সুভাষ রোড, কলকাতা ৭০০ ০৩৪ প্রেমিসেস ভুক্ত আমার বর্তমানে ভোগ দখলীকৃত কমবেশ ৫ পাঁচ কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত দ্বিতল গৃহাদির একতলে দক্ষিণ পূর্ব দিকে অবস্থিত ইঁটের দেওয়াল পাকা ছাদ যুক্ত একখানি ঘর যাহার পরিমাপ ২০০ বর্গফুট তৎসহ ৬২ বর্গফুট পরিমিত খোলা বারান্দা মায় ১৬৯ বর্গফুট পরিমিত ফাঁকা জমি সহ সম্পত্তি যাহার সর্বমোট পরিমাপ ৪৩১ বর্গফুট বা ৯ নয় ছটাক ২৬ ছাব্বিশ বর্গফুট বাস্তু জমি মায় দক্ষিণ দিকে ড্রেনের প্রভিশন সহ ৪ ফুট কমন প্যাসেজে যাহা পূর্ব দিকে নেতাজী সুভাষ রোডের সহিত মিলিত হইয়াছে। উক্ত রাস্তার চলাচলের রাইট সহ যানবাহনাদি লইয়া অবাধ চলাচল এবং উক্ত প্যাসেজের উপর ও নীচ দিয়া ইলেকট্রিক লাইন, টেলিফোন লাইন, গ্যাস ও জলের কল আনা লওয়া এবং জল নিকাশাদি সহ সর্ব্বপ্রকার ব্যবহারিক ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা দলিলের বিষয়ী ভুক্ত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি অত্র সহ গ্রথিত নকসায় লাল রংয়ের রেখা দ্বারা রঞ্জিত হইয়া প্রদর্শিত হইল। উক্ত নকসা অত্র দলিল বা তপশীলের একংাশ বলিয়া গণ্য হইবে।

**-ঃ বিক্রীত সম্পত্তির পরিচয় ঃ-**

****************

| | | |
|---|---|---|
| উত্তর | ঃ | দাতার সম্পত্তি। |
| দক্ষিণ | ঃ | ৪ ফুট প্রশস্থ দাতা ও গ্রহীতার কমন প্যাসেজ। |
| পূর্ব্ব | ঃ | দাতার সম্পত্তি। |
| পশ্চিম | ঃ | শ্রীমতী যুথিকা রায় মহাশয়ার সম্পত্তি। |

# DEED PLAN FOR SRI. NEMAI CHAKRABORTY.

AT PREMISES NO. 97 , NETAJI SUBHAS ROAD , WARD NO. 130 , IN PART OF C.S. DAG. NO. 3884,
C.S. KHATIAN . NO. 1855 , R. S. DAG. NO. 11998 , R.S. KHATIAN . NO. 3198 , J.L.NO. 2, R.S. NO. 83,
TOUJI. NO. 346 , PARGANA – BALIA, MOUZA . & P.S. BEHALA , DIST. SOUTH 24 – PGS ,
UNDER .K.M.C.(S.S.UNIT.)., MAILING ADDRESS. 135. NETAJI SUBHAS ROAD, KOL - 34 ,


SCALE : 1" = 8' 0

COVERED AREA OF ROOM IN GROUND FLOOR : 200 SFT.

OPEN VERANDAH IN GROUND FLOOR : 62 SFT.

VACANT LAND IN WESTERN SIDE : 169 SFT.

**TOTAL AREA : 431 SFT. OR 0 K – 9 CH – 26 SFT.(APPROX IN RED)**




18-2-05.


**RAMENDRA NATH ROY.**
REGISTERED SURVEYOR & L. C. E.
25 A, GOYALA PARA ROAD , BEHALA ,
KOLKATA – 700 060 , L. B. S. NO. . 11/ KMC
PH . 2404 – 8903 / 8318 .





| Finger | | Finger |
|---|---|---|
| Little finger of Left hand | | Little finger of Left hand |
| Ring finger of Left hand | | Ring finger of Left hand |
| Middle finger of Left hand | | Middle finger of Left hand |
| Fore finger of Left hand | | Fore finger of Left hand |
| Thumb of Left hand | | Thumb of Left hand |
| Thumb of Right hand | | Thumb of Right hand |
| Fore finger of Right hand | | Fore finger of Right hand |
| Middle finger of Right hand | | Middle finger of Right hand |
| Ring finger of Right hand | | Ring finger of Right hand |
| Little finger of Right hand | | Little finger of Right hand |

Attested the finger prints
Tapan Kumar Mitra
Signature

Attested the finger prints
Nemai Chakraborty
Signature

Tapan Kumar Mitra

-ঃ টাকার জায় ঃ-

**********

অদ্য তারিখে নোটে ও নগদে ............. **১,০০,০০০ এক লক্ষ টাকা** বুঝিয়া পাইলাম।

Tapan Kumar Mitra.

ইসাদী ঃ-

1. Malati Mitra
135. N.S. Road Behala
Kol – 34.

2. [illegible]

মুসাবিদাকারক ঃ-

Prasenjit Mukherji
প্রসেনজিৎ মুখার্জী
এ্যাডভোকেট্
আলিপুর জজ কোর্ট
কলকাতা - ৭০০ ০২৭।

কম্পিউটার মুদ্রণ ঃ-

শিপ্রা ঘোড়ই
শিপ্রা ঘোড়ই
আলিপুর পুলিশ কোর্ট
কলকাতা - ৭০০ ০২৭
ফাইল - সি.এ/এম.ডি/রাই।